

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.৩০১.২০-১৬৮

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের প্রান্তিক ভবন, ক্যানোপি এলাকা, বোর্ডিং ব্রিজ এলাকা, ভিআইপি এলাকা ও তৎসংলগ্ন প্যাকিং এলাকা, অভ্যন্তরীণ প্রান্তিক ভবন, হ্যাঙ্গার গেটের পাশে নিরাপত্তা শাখাসহ সর্বমোট ৮, ৬৯, ২৫৭ বর্গফুট এলাকা ও ব্যাগেজ মেক-আপ এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত কর্মীদের বেতন বৃদ্ধি'র বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর স্মারক নং-৩০.৩১.০০০০.২২২.০২.০০৯.২৩(৭ম নথি)-২৭১৭; তারিখ: ০৭/১১/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভৌতসেবা হিসেবে জনবল নিয়োগের ক্ষেত্রে আউটসোর্সিং নীতিমালা ২০১৮ অনুসরণীয়। সূত্রস্থ পত্রে উল্লিখিত পরিচ্ছন্নতা কর্মীদের সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে ক্রয়কারীকে আউটসোর্সিং সেবামূল্য সংক্রান্ত অর্থ বিভাগের পরিপত্র আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।


০২। সূত্রস্থ পত্রে উল্লিখিত ক্রয়টি পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) অনুযায়ী ভৌত সেবা সংক্রান্ত। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ৪(১) অনুযায়ী ভৌত সেবার ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল হিসেবে PSN ব্যবহার এবং ক্রয় পদ্ধতি হিসেবে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) অনুসরণীয়। কিন্তু উক্ত ক্রয়টি একধাপ দুই খাম পদ্ধতিতে প্রক্রিয়াকরণ করা হয়েছে, যা বিধি সম্মত নয়। এমনকি চুক্তি সম্পাদনের জন্য আদর্শ দরপত্র দলিলে প্রদত্ত নির্ধারিত ফরমেটও ব্যবহার করা হয়নি।

০৩। এমতাবস্থায়, বিদ্যমান ক্রয় প্রক্রিয়া চুক্তিটি ক্রুটিপূর্ণ হওয়ায় তা চলমান না রেখে আউটসোর্সিং নীতিমালা ২০১৮ এবং অর্থ বিভাগের সংশ্লিষ্ট পরিপত্র অনুসরণপূর্বক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর ৪(১) বিধিতে উল্লিখিত আদর্শ দরপত্র দলিল (PSN) ব্যবহার করে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে নতুনভাবে ভৌত সেবা ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

০৪। সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্য ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মতামত প্রদান করা হলো। এ মতামত শুধু সূত্রে উল্লিখিত পত্রের বিষয়ে প্রযোজ্য হবে।

পরিচালক
মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯


নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.৩০১.২০-১৬৮


(আফরোজা পারভীন)
পরিচালক (উপসচিব)
মোবাইলঃ ০৭১৩০৯০৮৯৪৪
Email: afroza16539@gmail.com

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)'র ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।


(আফরোজা পারভীন)
পরিচালক (উপসচিব)